



মাধ্যমিক শিক্ষা অধিদফতর

পরিচালকের

অপসারণ দাবি

বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি কাজী আব্দুল রাজ্জাক ও মহাসচিব মোঃ সেলিম হুইয়াসহ কেন্দ্রীয় নেতৃবৃন্দ এক বিবৃতিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতরের পরিচালক (মাধ্যমিক) বলিলুর রহমানের অপসারণ দাবি করেছেন।

নেতৃবৃন্দ বলেন, বলিলুর রহমান অনেক সিনিয়র প্রফেসরকে ডিম্বিয়ে পরিচালকের দায়িত্ব পান। কথায় কথায় জাতীয় রাজনীতির এক সিনিয়র নেতার নাম নিয়ে সকলকে ধমকান। তিনি একজন বদমেজাজী ও শিক্ষক কর্মচারীদের মধ্যে বিভেদ সৃষ্টিকারী ব্যক্তি। এনএফটিএ নামক একটি প্যাডসর্ব্ব স্ব শিক্ষক সংগঠনের তিনি একজন নেতা। এই সংগঠনটির সঙ্গে এদেশের সাধারণ শিক্ষকদের কোন সম্পর্ক নেই। তিনি প্রভাব খাটিয়ে তাঁর সংগঠনের নেতাদের অধিদফতরে পোস্টিং করান। তাঁর সংগঠন না করলে তিনি সবকারী ফুলের নেতাদের দুরবর্তী অঞ্চলে বদলি করেন।